

চট্টগ্রামের কর্ণফুলী থেকে ১৪০০০ পিস ইয়াবসহ ১ জন গ্রেফতার



গত ০৫/০৪/২০১৫ খ্রিঃ তারিখ রাত ০১.৩০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চলের একটি বিশেষ টিম গোপন সংবাদের ভিত্তিতে কর্ণফুলী থানাধীন চর পাথরঘাটা মইজ্জার টেক পি.এ.বি. রোডের পশ্চিম পার্শ্বে খাজা গরীব আলী হোটেলের সামনে রাস্তার উপর অভিযান পরিচালনা করে ঢাকা-২৫৩/অ নম্বরধারী একটি পিকআপ আটকপূর্বক তল্লাশী করে। তল্লাশীকালে ড্রাইভার সিট বেল্টের বক্কের ভিতর রাখা অবৈধ ইয়াবা ট্যাবলেট ১১,০০০(এগার) হাজার পিস উদ্ধার করেন। এসময় গাড়ীর ড্রাইভার মোঃ সাদ্দাম হোসেন(২৭), পিতা-

সিরাজুল হক, সাং-ভাঙ্গারমুখ, থানা-চকরিয়া, জেলা-কক্সবাজারকে গ্রেফতার ও গাড়ীটি জব্দকরা হয়। জব্দকৃত ইয়াবার আনুমানিক মূল্য ৬৩,০০০০০(তেষট্টি লক্ষ) টাকা।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, কক্সবাজার থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে ইয়াবাগুলো নিয়ে এসেছিল। চট্টগ্রামের একজন ফোন করে ইয়াবাগুলো নিয়ে যাওয়ার কথা ছিল বলে গ্রেফতারকৃত আসামী জানায়। এ বিষয়ে কোতোয়ালী সার্কেল পরিদর্শক জনাব জাকির হোসেন বাদী হয়ে কর্ণফুলী থানায় একটি মামলা দায়ের করেন। যা কর্ণফুলী থানার মামলা নং ০১, তাং-০৫/০৪/২০১৫ ইং। মামলাটি তদন্তাধীন আছে।